গাংনীতে মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির বার্ষিক সম্মেলন

মেহেরপুরের গাংনীতে উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির বার্ষিক সম্মেলন ও অবসর সুবিধা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির আয়োজনে সমিতির নিজস্ব কার্যালয়ে সমিতির সভাপতি সৈয়দ জাকির হোসেনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবলুর সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় অ্যান্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, সমিতির সাবেক সভাপতি জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক গোলাম মোস্তফা, সাবেক সাংগঠনিক সম্পাদক ও অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক রমজান আলী, সাবেক প্রধান শিক্ষক জালালউদ্দিন, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আবুল কাশেম, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আক্কাচ আলী, যমুনা ব্যাংকের ব্যবস্থাপক জিয়াউর রহমান, প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, প্রধান শিক্ষক দিলরুবা ইয়াসমিন, প্রধান শিক্ষক আনিচুর রহমান, প্রধান শিক্ষক আব্দুর রশিদসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সমিতির সভাপতি সৈয়দ জাকির হোসেন। সমিতির সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবলু বিগত সময়ে সমিতির বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন। তিনি বর্তমান কমিটি সমিতির সদস্যদের কল্যাণে কী কী কাজ করেছেন এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সদস্যদের অবহিত করেন।

সভায় জানানো হয়, সমিতির সদস্যদের কল্যাণে ৫ লাখ টাকা স্থায়ী আমানত (ডিপোজিট) হিসেবে জমা করা হয়েছে। এছাড়া সমিতির গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়ে আলোচনা করেন সদস্যরা।

অনুষ্ঠানে সমিতির যে সকল সদস্য ইতোমধ্যে অবসরে গেছেন, তাদের মধ্যে অবসর সুবিধা বাবদ প্রায় ৪ লাখ টাকা বিতরণ করা হয়। সমিতির সম্পাদক বার্ষিক প্রতিবেদনে বিগত সময়সহ বর্তমান পর্যন্ত আর্থিক

হিসাব উপস্থাপন করেন।

সভায় সমিতির নিজস্ব কার্যালয়ে কমিউনিটি সেন্টার বা কার্যালয়ের সামনে মার্কেট নির্মাণের বিষয়ে সদস্যদের মতামত নেওয়া হয় এবং ভবিষ্যতে কমিউনিটি সেন্টার বা মার্কেট নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অনুষ্ঠানে সমিতির প্রায় ৫ শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মনোজ্ঞ সংগীত পরিবেশন করা হয়।

অনুষ্ঠানে সমিতির সদস্যদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি লক্ষ্য করা যায়।

মেহেরপুরে পপুলার লাইফের ইনস্যুরেন্সের বার্ষিক সম্মেলন ও চেক হস্তান্তর

মেহেরপুরে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনকারী মাঠ পর্যায়ের কর্মী ও কর্মকর্তাদের বার্ষিক সম্মেলন ও বীমা দাবির ৭৯ লাখ টাকার চেক বীমা গ্রাহকদের কাছে হস্তান্তর করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৩ এপ্রিল) মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এই বার্ষিক সম্মেলন ও চেক হস্তান্তর কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আল-আমিন বীমা প্রকল্প, পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড মেহেরপুরের জোনাল ম্যানেজার মো: রাফিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানিটির অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক কামাল হোসেন মহাসিন ও খুলনা অঞ্চলের প্রকল্প পরিচালক সৈয়দ সাইফুল ইসলাম রুবেল।

বার্ষিক সম্মেলন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মাঠ পর্যায়ের ৩০০ বীমা কর্মী ও কর্মকর্তারা।

প্রধান অতিথির বক্তব্যে বিএম শওকত আলী বলেন, ‘এখন পর্যন্ত পপুলার লাইফ ইনস্যুরেন্স সাড়ে ৬ হাজার কোটি টাকার বিমা দাবী পূরণ করেছে। এটা বাংলাদেশের ইতিহাসে এক অনন্য রেকর্ড। পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানিতে বর্তমানে ৭০ হাজার লোক কর্মরত আছেন। কর্মীদের সুরক্ষার কথা বিবেচনা করে সকলকে গ্রুপ ও হেলথ ইনস্যুরেন্স সহ নানা সুবিধা প্রদান করা হচ্ছে।’

অনুষ্ঠানের শেষ পর্যায়ে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক বি এম ইউসুফ আলী ভার্চুয়ালি যুক্ত হন এবং কর্মকর্তা-কর্মচারীদের নানা দিক নির্দেশনা দেন। অতঃপর মধ্যাহ্নভোজ ও মেয়াদোত্তীর্ণ ১১০ জন গ্রাহকের বীমা দাবীর বিপরীতে মোট ৭৯ লাখ টাকার চেক হস্তান্তর করা হয়।

ঝিনাইদহ জেলার পূজা উদযাপন পরিষদের বার্ষিক সম্মেলন

সমঅধিকার, সমমর্যাদা ও অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার প্রত্যয়ে গঠিত বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, ঝিনাইদহ জেলা শাখার দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১ এপ্রিল) দুপুরে জেলা শহরের হামদহ কালীতলা প্রাঙ্গণে ব্যাপক আয়োজনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনের শুরুতে জাতীয় পতাকা ও সংগঠনের পতাকা উত্তোলন করা হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের সভাপতি জে এল ভৌমিক। জেলা পুজা উদযাপন পরিষদের সভাপতি কনক কান্তি দাসের সভাপতিত্বে ও উত্তম গাঙ্গুলীর সঞ্চালনায় এতে প্রধান বক্তা ছিলেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের সাধারন সম্পাদক অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার।

এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ পুজা উদযাপন পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক শুভাশিস বিশ্বাস সাধন, যুগ্ম সাধারণ সম্পাদক শ্রমতি পদ্মাবতী দেবী, সাংগঠনিক সম্পাদক তাপস কুমার কুণ্ডু, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদ ঝিনাইদহ জেলা শাখার সভাপতি নারায়ণ চন্দ্র বিশ্বাস, শৈলকূপা উপজেলা পরিষদের চেয়ারম্যান এম আবদুল হাকিম আহমেদসহ প্রমুখ।

সভায় বক্তারা বলেন, সনাতনী ধর্মাবলম্বীদের সার্বিক নিরাপত্তাসহ যাবতীয় অধিকার আদায়ের লক্ষ্যে ১৯৮২ সালে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ নামে সংগঠনটির পথচলা শুরু হয়। শুরুতে এটি মহানগর পূজা পরিষদ নামে শুরু হয়। বর্তমানে সারা দেশের জেলা-উপজেলা পর্যায়ে এ সংগঠনের কমিটি রয়েছে। এটি এ যাবৎকালে সনাতনী ধর্মীয়দের সবচেয়ে বৃহৎ প্ল্যাটফর্ম।

শুরু থেকে এখন পর্যন্ত সংগঠনটি বিভিন্ন কার্যক্রমের মধ্য দিয়ে সনতনী ধর্মীয়দের সমমর্যাদা, সমঅধিকার নিশ্চিতকরণসহ অসাম্প্রদায়িক বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলছে।

মেহেরপুর হোমিও প্যাথিক চিকিৎসকের বার্ষিক সম্মেলন

আমরা হোমিও প্যাথিক চিকিৎসক পরিবার মেহেরপুর সংগঠনের ৬ষ্ঠ বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে এ বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমানের সঞ্চালনায় বার্ষিক সম্মেলন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমরা হোমিও প্যাথিক চিকিৎসক পরিবার মেহেরপুরের সভাপতি ডাঃ মোঃ সাদিকুজ্জামান সেন্টু (ডি এইচ এম এস, ঢাকা)।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ ডাঃ মোঃ শাজাহান আলী (ডি এইচ এম এস), ঢাকা।

প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন ডাঃ মোঃ রফিকুল ইসলাম বি এইচ এম এস (ঢাকা বিশ্ববিদ্যালয়), ডাঃ এম এ আজিজ ডি এইচ এম এস (ঢাকা), ডাঃ মোঃ আমিনুল হক (হোমিওপ্যাথিক) ডাঃ মোঃ শফিউজ্জামান ডি এইচ এম এস (ঢাকা), ডাঃ মাহফুজুর রহমান সহ মেহেরপুরের বিভিন্ন এলাকার ডাক্তাররা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান আয়োজন করে আমরা হোমিও প্যাথিক চিকিৎসক পরিবার মেহেরপুর।

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশনের বার্ষিক সম্মেলন

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশন বার্ষিক সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুর ২টার সময় ডিসি ইকোপার্কে চড়ুইভাতি চত্বরে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। এসময় তিনি বলেন বাংলাদেশ কৃষি প্রধান দেশ, এদেশের অর্থনীতি প্রবৃদ্ধিতে কৃষি বিভাগ অগ্রণী ভূমিকা পালন করে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সরকার একটি কৃষি বান্ধব সরকার। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে কৃষি বিভাগের তত্ত্বাবধানে কৃষকের মাঝে ন্যায্য মূল্যে কৃষকের কাছে সার পৌঁছে দিচ্ছে। বঙ্গবন্ধুর এ স্বপ্ন পূরণে অগ্রনী ভূমিকায় রয়েছেন আপনাদের মতো বালাইনাশক খুচরা বিক্রেতা।বর্তমানে দামুড়হুদা উপজেলায় বালাই নাশক খুচরা বিক্রেতাদের মাধ্যমে প্রতি বছরে বিনা সুদে বাকিতে প্রায় সরকারি মূল্যে দেড়শো কোটি টাকার উন্নত মানের বীজ,সার ও কীটনাশক সরবারহ করে থাকি।

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশন কর্তৃক আয়োজিত